সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ, ২৬ অক্টোবর ২০১৪

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৪৪.১৪-৩২০—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৮-১০-১৯৮০ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

জেলা ঝালকাঠি, উপজেলা নলছিটি, মৌজা ১৩১ নং ভরতকাঠি।

খতিয়ান নং	দাগ নং	আংশিক/ পূর্ণ	অধিগ্রহণকৃত জমির পরিমাণ	
			একর	শতাংশ
১	২	৩	৪	৫
৮১১, ৮১২	২০৮	আংশিক	০	০২
২১	২১৯	,,	০	১২
৭৫৮	২২১	,,	০	০৫
৫	২২২	,,	০	০৮
৩৮০, ৩৮৪, ৩৮৭, ৭০৮, ৭০৯	২২৩	,,	০	১০
৩৮০, ৩৮৪, ৩৮৫, ৩৮৭, ৭০৮, ৭০৯	২২৪	,,	০	০৮
৪১৪	২২৫	,,	০	১০
৮১২	২২৬	,,	০	০৪
৪২১	২৩১	,,	০	১২
১৪৮, ৩৬৫, ৯০৯	২৩২	,,	০	০৯
৪২১	২৩৩	,,	০	০৭
৪১৩	২৩৪	,,	০	২১
৪১৪	২৩৫	,,	০	০২
৩৭৫, ৩৭৮, ৩৮০	২৩৭	,,	০	১১
৩৩০, ৩৯৬	২৪১	,,	০	১৮
৪২২	২৪২	,,	০	০৬
৬৫৪	২৮৬	,,	০	০৬
১৪	৪৮৬	,,	০	০৭
৬৮৩	৪৯৩	,,	০	০৫
৭০১	৪৯৪	,,	০	০২
৫১১	৪৯৫	,,	০	১৩
৫৪০	৪৯৬	,,	০	১৪
৬৫৮	৪৯৭	,,	০	০৮
৪৪৯, ৪৫০, ৪৫১, ৫১৩	৪৯৯	,,	০	০১
৪৪৯, ৪৫০, ৪৫১, ৫১৩	৫০০	,,	০	২৭
৭৯২	৫০১	,,	০	০৪
৪৪৯, ৪৫০, ৫১৩	৫১৪	,,	০	০৪
৫১১	৫১৫	পূর্ণ	০	০৮
৫১১	৫১৬	আংশিক	০	০৭
৫২২	৫১৮	,,	০	০১
৮৭০	৫১৯	,,	০	০৫
১১৬	৫২০	,,	০	১৪
৮৭৪	৫২১	,,	০	০৪
৯২১	৫৫২	,,	০	০৭
৬৩৫	৫৫৩	,,	০	০৭
৬৪৪	৫৫৪	,,	০	০৫

১	২	৩	৪	৫
৫৯৮	৭৬৩	আংশিক	০	০৫
৫৯৮	৭৬৪	,,	০	০১

সর্বমোট জমির পরিমাণ=৩.০০ একর।

জমির নকশা (এল,এ প্লান) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
যুগ্ম-সচিব।

জরিপ শাখা-২

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ, ১২ কার্তিক ১৪২১/২৭ অক্টোবর ২০১৪

নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৪.১৪-২৬৩—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত সংশোধিত আকারে স্বত্বলিপি চূড়ান্ত ভাবে প্রকাশ করা হয়েছে ঃ

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নং	উপজেলার নাম	জেলার নাম
(১)	লক্ষিনারায়নপুর কদমতলী	৪৮	ভেদরগঞ্জ	শরীয়তপুর

নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯১.২০১০-২৬৪—১৮৭৫ সনের জরিপ আইন (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের জরিপ কাজ শুরু করার নিমিত্তে গেজেট করার জন্য প্রশাসনিক অনুমোদন দেয়া হলো ঃ

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নং	উপজেলার নাম	জেলার নাম
১	২	৩	৪	৫
(১)	ডাকুর বুনিয়া	১০	পটুয়াখালী সদর	পটুয়াখালী
(২)	ঘোপখালী	১২	পটুয়াখালী সদর	পটুয়াখালী
(৩)	লাউকাঠি কিসমত	৩৭	পটুয়াখালী সদর	পটুয়াখালী
(৪)	পটুয়াখালী	৩৮	পটুয়াখালী সদর	পটুয়াখালী
(৫)	পূর্ব জৈন কাঠি	৮৭	পটুয়াখালী সদর	পটুয়াখালী
(৬)	ভূমিরা	৯৮	পটুয়াখালী সদর	পটুয়াখালী
(৭)	উত্তর ধরন্দী	৯৯	পটুয়াখালী সদর	পটুয়াখালী
(৮)	মিঠাগঞ্জ	২১	কলাপাড়া	পটুয়াখালী
(৯)	উমেদপুর	২২	কলাপাড়া	পটুয়াখালী
(১০)	নবীপুর	৪০	কলাপাড়া	পটুয়াখালী
(১১)	টুংগী বাড়িয়া	৪১	কলাপাড়া	পটুয়াখালী
(১২)	কুমির মারা	৪২	কলাপাড়া	পটুয়াখালী
(১৩)	চর ঘুনী	৯৪	দশমিনা	পটুয়াখালী
(১৪)	উত্তর হোসনাবাদ	৫১	বাউফল	পটুয়াখালী

তারিখ, ২৯ অক্টোবর ২০১৪

নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৪.১৪-২৬৫—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭ উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত সংশোধিত আকারে মৌজাসমূহের স্বত্বলিপি চুড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নং	উপজেলার নাম	জেলার নাম
(১)	খাইলপাড়া	১২	বোয়ালমারী	ফরিদপুর
(২)	উত্তর বাহিরদিয়া	২৭	বোয়ালমারী	ফরিদপুর
(৩)	মিটাইন	৫৮	বোয়ালমারী	ফরিদপুর
(৪)	নতিবদিয়া	৬৮	বোয়ালমারী	ফরিদপুর

মোঃ শিব্বির আহমদ উছমানী
সহকারী সচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মৎস্য-১ অধিশাখা

তারিখ, ২৯ অক্টোবর ২০১৪

নং ৩৩.০০.০০০০.১২৬.১০.০০১.১৩-৫০৩—যেহেতু, জনাব মোহাম্মদ মানিক মিঞা, জেলা মৎস্য কর্মকর্তা, ফেণী (সাময়িক বরখাস্ত) বর্তমানে উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা দপ্তরে সংযুক্ত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০২-০৯-২০১৪ তারিখের ৩৩.০০.০০০০.১২৬.১০. ০০১.১৩-৪০৫ ও ৪০৬ নং স্মারকে বিভাগীয় মামলা নং ০৫/২০১৪ রুজু করা হয়;

যেহেতু, জনাব মোহাম্মদ মানিক মিঞা এর বর্তমান কর্মস্থলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, জনাব মোহাম্মদ মানিক মিঞা গত ১৪-৯-২০১৪ তারিখে তাঁর লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীর জন্য আবেদনের প্রেক্ষিতে গত ১৯-১০-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় জনাব মোহাম্মদ মানিক মিঞা এর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ধারায় "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয় এবং লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোহাম্মদ মানিক মিঞা, জেলা মৎস্য কর্মকর্তা, ফেণী (সাময়িক বরখাস্ত) বর্তমানে উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা দপ্তর সংযুক্ত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি মোতাবেক তাঁর পরবর্তী বার্ষিক বর্ধিত বেতন ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হলো।

এ সাথে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে এবং বিধি মোতাবেক তিনি বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শেলীনা আফরোজা, পিএইচডি
সচিব।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া-১ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৬ নভেম্বর ২০১৪

নং ৩৪.০০.০০০০.০৭১.০২০.১৩১.২০১১-৬৪০—জাতীয় ক্রীড়া পরিষদের ১৬-১০-২০১৫ তারিখের এনএসসি/১২০/২১/জেন/৪১৫৩ নং স্মারকের প্রেক্ষিতে জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব মুশফিকুর রহমান মোহন কে বাংলাদেশ স্কোয়াশ র‍্যাকেটস ফেডারেশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং ৩৪.০০.০০০০.০৭১.০২০.১৩১.২০১১-৬৪১—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক কর্ণেল (অবঃ) মুহাম্মদ ফারুক খান, মাননীয় সংসদ সদস্য (গোপালগঞ্জ-১)-কে বাংলাদেশ স্কোয়াশ র‍্যাকেটস ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ দান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোরশেদা আখতার
সহকারী সচিব।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৫ নভেম্বর ২০১৪/২১ কার্তিক ১৪২১

নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৪-১৮৩—জনাব মোঃ নুরুল হুদা খান (পরিচিতি নম্বর ০০৫০০৮), নির্বাহী প্রকৌশলী (সিভিল, চঃ দাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা কে কানাডার University of Waterloo তে Masters Programme in Environmental Engineering Course-এর অধ্যয়নের জন্য ২৫-০৮-২০১০ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০১৯.২০১০-৫৩৯ সংখ্যক স্মারকমূলে ১৫-০৭-২০১০ তারিখ অথবা নিকটবর্তী সম্ভাব্য তারিখ হতে ০১(এক) বছরের প্রেষণ শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। পরবর্তীতে ৩১-০৭-২০১১ তারিখের ৩৫.০২২.০১৫. ০০.০০.০১৯.২০১০-৫৯০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে মঞ্জুরীকৃত অধ্যয়ন ছুটির অতিরিক্ত আরো ০২(দুই) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। উক্ত ছুটির মেয়াদ ১৩-০৯-২০১৩ তারিখ শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) মোতাবেক ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী অভিযুক্ত কর্মকর্তার নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মনীন্দ্র কিশোর মজুমদার-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২২-০৫-২০১৪ তারিখের তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ গত ০২-০৬-২০১৪ তারিখে প্রেরণ করা হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবও পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulation 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ নুরুল হুদা খান (পরিচিতি নম্বর ০০৫০০৮), নির্বাহী প্রকৌশলী (সিভিল, চঃ দাঃ) কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, এ প্রেক্ষাপটে জনাব মোঃ নুরুল হুদা খান (পরিচিতি নম্বর-০০৫০০৮), নির্বাহী প্রকৌশলী (সিভিল, চঃ দাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ নুরুল হুদা খান (পরিচিতি নম্বর-০০৫০০৮), নির্বাহী প্রকৌশলী (সিভিল, চঃ দাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী

(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১৪-০৯-২০১৩ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, এন, ছিদ্দিক
সচিব।

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-৭ (কলেজ-২)

তারিখ, ১৯ কার্তিক ১৪২১/০৩ অক্টোবর ২০১৪

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.১৬.১৪-৪৩৬—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মনছুর আলমগীর, সহকারি অধ্যাপক (ইংরেজী), সিলেট সরকারি কলেজ সিলেট গত ১৬-১১-২০১৩ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন, সেহেতু তাঁর ১২-১০-২০১৪ তারিখে শুনানি গ্রহণ করা হয়। তাঁর বক্তব্যে পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তার পিতা মাতা লিভারে প্রদহজনিত কারণে সেফটিসেমিয়া (রক্ত সংক্রমন) রোগে আক্রান্ত হয়ে শারীরিকভাবে অসুস্থ থাকায় তিনি ঢাকায় তাঁদের চিকিৎসা করিয়েছিলেন। পিতা মাতার চিকিৎসা করাতে তাঁকে একাধারে অনিচ্ছাকৃতভাবে ঢাকায় অবস্থান করতে হয়েছে। এভাবে কর্মস্থলের বাহিরে অবস্থান করার অপরাধ স্বীকার করে তিনি নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন। এ বিষয়ে সরকার পক্ষে পরিচালক (কলেজ ও প্রশাসন) লিখিতভাবে জানান যে, তিনি অতীতে এভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন না। তাই প্রথমবারের মত কর্মস্থলে অনুপস্থিতির কথা বিবেচনা করে তাঁকে ১৬-১১-২০১৩ তারিখ হতে ২৪-০৩-২০১৪ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মনছুর আলমগীর, সহকারি অধ্যাপক (ইংরেজী), সিলেট সরকারি কলেজ সিলেট তাঁর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাঁকে ১৬-১১-২০১৩ তারিখ হতে ২৪-০৩-২০১৪ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধরণ ছুটি মঞ্জুর করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম খান
সচিব।

শিল্প মন্ত্রণালয়

পরিকল্পনা অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ২১ কার্তিক ১৪২১/৫ নভেম্বর ২০১৪

নং ৩৬.০৮৪.০১৬.০২.০০.০৪৫.২০১৪-৯৬—শিল্প মন্ত্রণালয়ের আওতায় বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন "বিসিক শিল্পনগরী বরগুনা (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে আইএমইডি'র সুপারিশ অনুযায়ী প্রকল্প পরিচালকের আর্থিক অনিয়ম তদন্ত করার লক্ষ্যে নিম্নরূপভাবে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হল ঃ

ক. কমিটির গঠন ঃ

আহবায়ক

(ক) যুগ্ম-প্রধান শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(খ) চেয়ারমান, বিসিক-এর একজন প্রতিনিধি

(গ) শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন এর প্রতিনিধি।

(ঘ) শিল্প সেক্টর, আইএমইডি এর প্রতিনিধি।

খ. কমিটির কর্ম-পরিধি (TOR) ঃ

(১) "বিসিক শিল্পনগরী-বরগুনা (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে আইএমইডি'র সুপারিশ অনুযায়ী প্রকল্প পরিচালকের আর্থিক অনিয়ম তদন্ত করে দু'সপ্তাহের মধ্যে এ মন্ত্রণালয়ের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করবে; এবং

(২) বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফররুখ আহম্মদ
সিনিয়র সহকারী প্রধান।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

পুলিশ অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ২ নভেম্বর ২০১৪

নং **৪৪.০০.০০০০.০৯৪.০১.০১৯.১৪-৮৮৪**—জনাব সফিজুল ইসলাম, সিনিয়র সহকারী পুলিশ সুপার, আরআরএফ, খুলনাকে শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ, দুর্নীতি ও পুলিশ বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ন করায় এতদ্বারা চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খুলনা রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

আইন অধিশাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ অক্টোবর ২০১৪

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৪-৩৬৯—ঠাকুরগাঁও জেলার সদর থানার মামলা নং ৩২, তারিখ ১২-০১-২০১৪, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী ২০১২) ও (সংশোধনী ২০১৩)

এর ধারা ৬(২) মামলাটিতে আসামি মোঃ ঝনু মাহাবুব আলম (৪০), পিতা খরসেদ আলী, সাং গোপীকান্তপুর, থানা ঠাকুরগাঁও সদর, জেলা ঠাকুরগাঁও গং অবৈধভাবে সমবেত হয়ে ভোটকেন্দ্রে অনধিকার প্রবেশ করে ১০ম জাতীয় সংসদ নির্বাচন বানচাল করার জন্য জনসাধারণের মনে আতংক সৃষ্টি করে ভীতি প্রদর্শন, সরকারি কর্মকর্তা/কর্মচারীদেরকে আক্রমন করে এবং নির্বাচন সামগ্রী ভাংচুর করে আগুন দিয়ে পুড়িয়ে দেয়। আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানো ও দেশের অরাজকতা সৃষ্টি করার লক্ষ্যে ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ডে জড়িত থাকায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী ২০১২) ও (সংশোধানী ২০১৩) এর ৬(২) ধারায় অপরাধের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খায়রুল আলম সেখ
উপ-সচিব।

আনসার অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ৬ নভেম্বর ২০১৪

নং ৪৪.০৩.০০০০.১১৪.১৪.০০৩.১৪-২৬৪/৪—জনাব জানে আলম সুফিয়ান, সহকারী কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কার্যালয়, ভোলা [প্রাক্তন অধিনায়ক (চলতি দায়িত্ব), ৩ আনসার ব্যাটালিয়ন, ঘাগড়া, রাঙ্গামাটি] এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির আওতায় 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অপরাধের জন্য তাকে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হ'ল।

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

কারা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১ কার্তিক ১৪২১/১৬ অক্টোবর ২০১৪

নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-১৩৮—পবিত্র ঈদ-উল-আযহা ২০১৪ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দিদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ০৭(সাত) জন বন্দির আরোপিত দণ্ড মওকুফ করা হয়েছে ঃ

ক্রমিক নং	কয়েদি নম্বর, নাম, পিতার নাম এবং বয়স	কারাগারের নাম
(১)	কয়েদি নং-৩৬৩১/এ, মোঃ ফরিদ, পিতা মোঃ আলী, বয়স-৩৪ বছর।	দিনাজপুর জেলা কারাগার
(২)	কয়েদি নং-৭৫১১/এ, মোঃ মনির হোসেন, পিতা আনছার আলী রাড়ী, বয়স-২১ বছর।	ভোলা জেলা কারাগার
(৩)	কয়েদি নং ৪৮৯২/এ, কামাল হোসেন, পিতা মোস্তফা সওদাগর, বয়স ২৮ বছর।	ফেনী জেলা কারাগার
(৪)	কয়েদি নং ৪৮৪৫/এ, মোঃ এছাহাক আলী সরদার, পিতা মৃত চেরু সাহান, বয়স ৮১ বছর।	রাজশাহী কেন্দ্রিয় কারাগার
(৫)	কয়েদি নং ৭৬১২/এ, আইয়ুব আলী, পিতা শেহের আলী, বয়স ৪৯ বছর	ঢাকা কেন্দ্রিয় কারাগার
অচল, অক্ষম, দৃষ্টি শক্তি নষ্ট এবং দুরারোগ্য মরণ ব্যাধিতে আক্রান্ত		
(৬)	কয়েদি নং ৪১৪৯/এ, কাজুমদ্দিন ওরফে কাজু, পিতা মৃত ইমান আলী, বয়স ৯৭ বছর।	টাঙ্গাইল জেলা কারাগার
(৭)	কয়েদি নং ৫৮০/এ, মোঃ জহিরুল ইসলাম, পিতা মৃত জিন্নত আলী, বয়স ৪২ বছর।	ঢাকা কেন্দ্রিয় কারাগার

২। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফিরোজ সরকার
সিনিয়র সহকারী সচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

শৃংখলা-১ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২২ অক্টোবর ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪১.২০১৩-৮১৭—যেহেতু, ডাঃ মোহাম্মদ নুরুল হুদা তুহিন (কোড-১১১৩৭৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জামালগঞ্জ, সুনামগঞ্জ গত ২৪-১২-২০০৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ২৭-০২-২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে, এবং এই অবসান ডাঃ মোহাম্মদ নুরুল হুদা তুহিন (কোড-১১১৩৭৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ২৫-১২-২০০৮ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।

তারিখ, ২৮ অক্টোবর ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৪.২০১২-৮৩০—যেহেতু, ডাঃ মাছুম হায়দার (কোড-১১৩৭০৪), মেডিকেল অফিসার, ভোলাগঞ্জ ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কোম্পানীগঞ্জ, সিলেট গত ০১-০৫-২০০৭ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ২৩-০১-২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে, এবং এই অবসান ডাঃ মাছুম হায়দার (কোড-১১৩৭০৪), মেডিকেল অফিসার, ভোলাগঞ্জ ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কোম্পানীগঞ্জ, সিলেট এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০২-০৫-২০১২ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৪.২০১৩-৮৩২—যেহেতু, ডাঃ মোহাম্মদ ইমরোজ হাবিব (১১৪০৭২), মেডিকেল অফিসার, বড়গাংনী উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা গত ০৫-০৫-২০০৭ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ২২-০৪-২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে, এবং এই অবসান ডাঃ মোহাম্মদ ইমরোজ হাবিব (১১৪০৭২), মেডিকেল অফিসার, বড়গাংনী উপস্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থ ০৬-০৫-২০১২ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

আদেশাবলী

তারিখ, ২১ অক্টোবর ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৪-৮০২—যেহেতু, ডাঃ বেলায়েত হোসেন ঢালী (১১০০৩২), মেডিকেল অফিসার, শুভপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৮-০৮-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭. ০১.০০.০৭৫.২০১৪-৬৪০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২-১০-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ১১-০৩-২০১৩ তারিখ হতে ৩১-০৭-২০১৪ তারিখ পর্যন্ত অসুস্থতাজনিত কারণে তিনি কর্মস্থলে অনুপস্থিত থেকে চিকিৎসকের চিকিৎসাধীন ছিলেন। সুস্থতালাভ করে গত ০২-০৮-২০১৪ তারিখ তিনি কর্মস্থলে যোগদান করেছেন। অসুস্থকালীন সময়ে তিনি যথানিয়মে তার স্থানীয় কর্তৃপক্ষকে প্রতিমাসে অসুস্থতার বিষয়টি অবহিত করেছিলেন বর্তমানে তিনি কর্মস্থলে কর্মরত থেকে দায়িত্ব পালন করে আসছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ বেলায়েত হোসেন ঢালী (১১০০৩২), মেডিকেল অফিসার, শুভপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, ছাগলনাইয়া, ফেনী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হল।

তারিখ, ২২ অক্টোবর ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৪-৮১৪—যেহেতু, ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (৩৮৪৯৭), জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৪-০৭-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৪-৫৮৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৪-০৯-২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি থোরাসিক সার্জারী এ্যানেসথেসিয়া প্রদানে দক্ষতা অর্জন করেছেন। বক্ষব্যাধি হাসপাতালে এ্যানেসথেসিওলজিস্ট এর সংকট থাকায় পরিচালক কর্তৃক তাঁকে বদলিকৃত পদে যোগদানের নিমিত্ত ছাড়পত্র প্রদান না করে নিয়মিতভাবে পূর্বের ন্যায় কাজ চালিয়ে যেতে নির্দেশ প্রদান করায় তিনি এ্যানেসথেসিয়া পদে দায়িত্ব পালন করে আসছেন। তাঁর সংযুক্তি বহাল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, জাতীয় ব্যক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা মন্ত্রণালয়ে কয়েকবার পত্র প্রেরণ করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (৩৮৪৯৭), জুনিয়ার কনসালটেন্ট (এনেসথেসিয়া), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিস্পত্তি করা হল।

ডাঃ মোঃ জাহিদুল ইসলাম (৩৮৪৯৭), ৩০-১০-২০১৪ তারিখের মধ্যে নতুন কর্মস্থলে টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে যোগদান করবেন যদি ইতোমধ্যে ঐ জায়গায় অন্য কেহ যোগদান না করে থাকেন।

এ. এম. বদরুদ্দোজা
অতিরিক্ত সচিব।

পার-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ অক্টোবর ২০১৪

নং স্বাপকম/পার-২/বিবিধ-১০/২০১০-৬১৩—ডাঃ মোঃ জাকির হোসেন (৩৭২৬১), প্রাক্তন সিভিল সার্জন, ফেনী (বর্তমানে ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর) এর বিরুদ্ধে বিনা টেন্ডারে হাসপাতালের ঔষধ ও অন্যান্য মালামাল ক্রয়সহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক তদন্তে তাঁর বিরুদ্ধে পিপিআর অনুযায়ী টেন্ডার বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ না করা, দরপত্র উন্মুক্তকরণ কমিটি গঠন না করে দরপত্র উন্মুক্ত করা, অবাধ ও প্রতিযোগিতামূলক দরপত্র ব্যতিত ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা এবং ২০১৩-১৪ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দের প্রেক্ষিতে নতুন দরপত্র আহবান না করে পুরাতন দরদাতাকে কার্যাদেশ প্রদান করার অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে।

২। এক্ষণে, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক তাঁকে অসদাচরণের দায়ে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৩। তিনি প্রচলিত বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২ অক্টোবর ২০১৪

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫৩.২০১৩-৯৩৬—যেহেতু, জনাব মোঃ আব্দুল করিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা এর বিরুদ্ধে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিশিয়াল আদালত, গাইবান্ধায় মামলা নং দ্রুত বিচার ২-১৩(জি আর নং ৬০/১৩) (সদর থানা), বিজ্ঞ স্পেশাল ট্রাইব্যুনাল নং ১ এর স্পেশাল ট্রাইব্যুনাল মামলা নং ৬২/২০১৪ (জিআর নং ১৬/২০১৪ গাইবান্ধা) মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, উক্ত অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্তকরার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

২। এ অবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ (১) ধারা অনুযায়ী জনাব মোঃ আব্দুল করিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সবুর হোসেন
উপ-সচিব।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

শাখা-১০

বিজ্ঞপ্তি

তারিখ, ২০ অগ্রহায়ণ ১৪২১/০৪ ডিসেম্বর ২০১৪

নং ২৫.০০.০০০০.০২৩.৩১.০০২.১২(অংশ)-৩৩৭—সরকার পরিত্যক্ত সম্পত্তির 'ক' তালিকাভুক্ত এবং সংরক্ষিত বাড়ি নং-(১) বাড়ি নং-১/২, নিউ বেইলী রোড, ঢাকা (জমির পরিমাণ ১০ কাঠা), (২) বাড়ি নং-৭০ (পুরাতন ২৩৪-বি), রোড নং-৭/এ (নতুন), (পুরাতন-১৪), ধানমন্ডি, ঢাকা (জমির পরিমাণ ১ বিঘা) এবং (৩) বাড়ি নং এন ই (আই)-৪, রোড নং-৮৪, গুলশান-২, ঢাকা (জমির পরিমাণ ৩৩.৫০ কাঠা) বাড়ি ৩টি পরিত্যক্ত সংরক্ষিত তালিকা হতে বিক্রয় তালিকায় আনয়ন করলেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শরাফত আলী
সহকারী সচিব।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

শাখা-সেল

পরিপত্র

তারিখ, ০৬ জানুয়ারি ২০১৫

নং মশিবিম/শাখা-সেল/রীট মামলা-০৩/১২-৪৬১—বিদ্যমান Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) Section-14 এর প্রদত্ত ক্ষমতায় প্রণীত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা ২০০৯ এর ২৩ক এর (১) ধারা মতে "কোন নিকাহ রেজিস্ট্রার বর ও কনের জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে,এস,সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র পরীক্ষাপূর্বক বর ও কনের বিবাহের জন্য আইনগত বয়স সম্পর্কে নিশ্চিত না হইয়া কোন বিবাহ নিবন্ধন করিবেন না।"

লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত আইন ও বিধি যথাযথভাবে অনুসরণপূর্বক সনদসমূহ যাচাই-বাছাই না করেই বিবাহ নিবন্ধন অনুষ্ঠিত হচ্ছে। ফলে বাল্য বিবাহ কাঙ্খিত হারে প্রতিরোধ হচ্ছে না। বাল্য বিবাহ বাংলাদেশের জন্য একটি অন্যতম জাতীয় সমস্যা। বাল্য বিবাহ শুধু একটি শিশুর বর্তমানকেই ক্ষতিগ্রস্ত করছে না বরং সমগ্র দেশের ভবিষ্যৎ সম্ভাবনাকে করছে অন্ধকারাচ্ছন্ন। বাল্য বিবাহের ফলশ্রুতিতে বাংলাদেশের অপ্রাপ্ত বয়স্ক মেয়েরা অল্প বয়সে মা হয়ে নিজ এবং সন্তানের জীবনকে করছে সঙ্কটাপন্ন, বৃদ্ধি পাচ্ছে নারী নির্যাতনসহ সামাজিক বিশৃংখলা।

এক্ষণে, বিবাহ নিবন্ধনকালে বর ও কনের জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে,এস,সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র পরীক্ষাপূর্বক বর ও কনের বিবাহের জন্য আইনগত বয়স সম্পর্কে নিশ্চিত হয়ে বিবাহ রেজিস্ট্রারগণ বিবাহ নিবন্ধন করবেন।

মোঃ গোলাম মোস্তফা
সহকারী সচিব (সেল)।